# Times Today BD

কাজী শহিদুল্লাহ তনয় | ঢাকা | 15 April, 2025

শ্রমিকদের অংশগ্রহণেই ধীরে ধীরে উন্নয়ন হয়েছে শিল্পাঞ্চল আশুলিয়া। তাই শ্রমিকদের পাশে থেকে তাদের সর্বোচ্চ সহযোগিতা করতে সকলের প্রতি আহবান জানান টানা সাত বারের সেরা করদাতা বিশিষ্ট ব্যবসায়ি তানভীর আহমেদ রোমান ভূইয়া।

গার্ডিয়ান লাইভ ইন্সুইরেন্স গ্রাহক মিলন মেলা ও মৃত্যু দাবী চেক হস্তান্তর অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

তিনি আরো বলেন, শ্রমিকদের মৌলিক চাহিদা গুলো যেন দ্রুত বাস্তবে রুপ পায় এজন্য আন্তরিকতার সঙ্গে সরকারসহ সংশ্লিষ্টদের অনুরোধ করেন।

এরআগে সন্তান জন্ম দেয়ার পর হঠাৎ মৃত্যুবরণ করা পোশাক শ্রমিক খাদিজার স্বামী হাতে তুলে দেন পাঁচ লাখ টাকার চেক।

এসময় বীমা প্রতিষ্ঠানটির রিজিওনাল বিজনেস ডেভেলপমেন্ট ম্যানাজার মো. আলাউদ্দিন, ডিপুটি রিজিওনাল ম্যানাজার কবির হোসেন, এরিয়া ম্যানাজার মো বেলাল, ইউনিট ম্যানাজার জাহাঙ্গীর আলম জাহিদ, মো বিপ্লবসহ আরো অনেকে উপস্থিত ছিলেন।

গার্ডিয়ান লাইভ ইন্সুরেন্স গ্রাহক মিলন মেলা মৃত্যু চেক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:53

URL: https://www.timestodaybd.com/dhaka/775807826